ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৭৮৫

আগরতলা, ১৭ জুলাই, ২০২৫

**এন.ই.জেড.সি.সি. গুরু শিষ্য পরম্পরা প্রকল্পে আবেদনপত্র আহ্বান**

উত্তর পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র (এন.ই.জেড.সি.সি.) গুরু শিষ্য পরম্পরা প্রকল্পে ২০২৫-২৬ অর্থবছরের জন্য আবেদনপত্র আহ্বান করেছে। লোকনৃত্য / সংগীত, বাঁশ / বেত / কাঠের কারুশিল্প, লোকযাত্রা, মাস্ক তৈরি, উড ক্রাফট ইত্যাদি ক্ষেত্রে বিশেষ জ্ঞান থাকলে এবং ৪৫-৭০ বছর বয়স হলে এই প্রকল্পে আবেদন করা যাবে। এই প্রকল্পে একজন গুরু হিসেবে নির্বাচন ও নিযুক্তি পেলে তিনি ১ জন সহকারী ও ৪ জন শিষ্য (১৫-২৫ বছর বয়সী) নিয়োগ করবেন এবং তাদের এক বছরের জন্য প্রশিক্ষণ দেবেন। একজন গুরুর সাম্মানিক হবে প্রতি মাসে ৭,৫০০ টাকা, সহকারীর সাম্মানিক ভাতা হবে প্রতিমাসে ৩,৭৫০ টাকা এবং শিষ্যরাও জনপ্রতি ১,৫০০ টাকা করে প্রতি মাসে ভাতা পাবেন। আবেদনপত্র সংশ্লিষ্ট রাজ্যের কলা ও সংস্কৃতি / সংস্কৃতি বিষয়ক দপ্তরে জমা দিতে হবে। আবেদন করার ফর্ম এন.ই.জেড.সি.সি.-র ওয়েবসাইট (www.nezccindia.org.in) এবং ফেসবুক পেজে (https://www.facebook.com/nezccdimapurNE) পাওয়া যাবে। আবেদনপত্রগুলি আগামী ৩১ জুলাইয়ের মধ্যে চূড়ান্ত বাছাইয়ের জন্য এন.ই.জেড.সি.সি.-এর কাছে পাঠানো হবে।

*****